বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (অক্টোবর) বিবৃতি

অক্টোবর ২০২১ মাসটি আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ এই মাসে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর বর্তমান কমিটি তাদের ১ (এক) বছরের মেয়াদ পূর্ণ করেছে। এছাড়াও এই মাসে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের 'বার্ষিক সাধারণ সভা' আমরা সফলভাবে আয়োজন করতে সক্ষম হয়েছি। ফুটবলের উন্নয়নে নানামুখী কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আমরা আশাব্যঞ্জক সফলতা অর্জন করেছি। করোনা পরিস্থিতির মধ্যেও 'ফেডারেশন কাপ ২০২০', 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১', 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১', 'বাংলাদেশ মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এবং 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' সুষ্ঠু ও সফলভাবে আয়োজন করতে সক্ষম হয়েছি। উল্লেখিত সময়ে বাংলাদেশ জাতীয় ফুটবল দল 'Mujib Borsho FIFA International Football Series 2020: Bangladesh Vs Nepal', ট্রাই নেশন্স ফুটবল টুর্নামেন্ট কাঠমান্ডু, নেপাল,' 'ফিফা ওয়ার্ল্ড কাপ কাতার ২০২২', 'এএফসি অ-২৩ এশিয়ান কাপ ২০২২ কোয়ালিফায়ার্স', 'থ্রী নেশন্স কাপ ২০২১', 'সাফ চ্যাম্পিয়নশীপ ২০২১' এর খেলায় সফলভাবে অংশগ্রহণ করেছে। আমাদের মহিলা ফুটবল দলও 'এএফসি ওমেন্স এশিয়া কাপ ইন্ডিয়া ২০২২ কোয়ালিফায়ার্স' প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। এছাড়া বাফুফের অধীনে গত এক বছরে 'বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স', 'একাডেমী এ্যাক্রিডিটেশন স্কীম','বাফুফে এএফসি গ্রাসরুট মহিলা কোচিং কোর্স' ও 'সি ডিপ্লোমা কোর্স', 'রেফারী ইন্সট্রাক্টর কোর্স', 'এ্যাসেসর কোর্স' ও 'রেফারী কোর্স' আয়োজন করা হয়েছে। বাংলাদেশ ফুটবল ফেডারেশন মহিলা ও পুরুষ ফুটবল প্রশিক্ষকদের জন্য সর্বোচ্চ সংখ্যক বাফুফে এএফসি 'এ', 'বি', 'সি' ও গ্রাসরুট কোচিং কোর্সসহ এএফসি গোলকিপিং লেভেল-১ কোচিং কোর্স আয়োজন করেছে।

বার্ষিক সাধারণ সভাঃ

৩০ অক্টোবর ২০২১ তারিখে ঢাকাস্থ প্যান প্যাসিফিক সোনারগাঁ হোটেলে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর 'বার্ষিক সাধারণ সভা ২০২১' সুষ্ঠু ও সফলভাব সম্পন্ন হয়েছে। উক্ত বার্ষিক সাধারণ সভা'য় সাধারণ সম্পাদকের প্রতিবেদন, ২০২০ সালের অডিটরস রিপোর্ট এবং ২০২২ সালের বাজেট বাফুফে কংগ্রেস কর্তৃক অনুমোদিত হয়েছে।

সাফ কংগ্রেস ২০২১ঃ

গত ১৭ অক্টোবর ২০২১ তারিখে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সাফ) এর সাধারণ সভা মালদ্বীপের রাজধানী মালেতে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় দক্ষিণ এশীয় অঞ্চলের ফুটবলের সার্বিক উন্নয়ন বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশে আগামী ডিসেম্বর ২০২১ মাসে 'সাফ অনূর্ধ্ব-১৯ মহিলা চ্যাম্পিয়নশীপ ২০২১' আয়োজন করা হবে। এছাড়াও উক্ত সভায় সাফ এর প্রতিটি দেশের প্রতিনিধিগণ নিজস্ব প্রেক্ষাপট চিহ্নিত করতঃ ফুটবলের উন্নয়নে পারস্পরিক সম্পর্ক জোরদারকরণসহ শক্তিশালী আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে ফলপ্রসু আলোচনা করেছে।

বাফুফে টেকনিক্যাল কমিটির বৈঠকঃ

১৪ অক্টোবর ২০২১ তারিখে মতিঝিলস্থ বাফুফে ভবনে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের টেকনিক্যাল কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাফুফের অধীনে ২০২১ সালে অনুষ্ঠিত কোর্সসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। এছাড়া বাফুফে একাডেমী এ্যাক্রিডিটেশন স্কীম ও বাফুফে গ্রাসরুট এ্যাওয়ার্ড ২০২১ প্রদান সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

শহীদ শেখ রাসেল এর জন্মবার্ষিকী উদযাপনঃ মতিঝিলস্থ বাফুফে ভবনে ১৮ অক্টোবর ২০২১ তারিখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন পালন করা হয়েছে। শহীদ শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে বাফুফে ভবনে কেক কেটে এবং বাফুফে সংলগ্ন আর্টিফিসিয়াল টার্ফে একটি প্রীতি ম্যাচের আয়োজন করা হয়েছে।



ফোর নেশন্স ইন্টারন্যাশনাল টুর্নামেন্ট ২০২১ ঃ
আগামী ৮ নভেম্বর ২০২১ তারিখ হতে ১৭ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হবে 'ফোর নেশন্স ইন্টারন্যাশনাল টুর্নামেন্ট ২০২১'। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে বাংলাদেশ, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও সেশেলস্ জাতীয় ফুটবল দল। উক্ত প্রতিযোগিতাকে সামনে রেখে ইতিমধ্যেই বাংলাদেশ জাতীয় ফুটবল দলের আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প শুরু হয়েছে।

Mr. Abraham Grant এর বাংলাদেশ ভ্রমণঃ
ইংলিশ প্রিমিয়ার লীগের অন্যতম সেরা ক্লাব চেলসি ফুটবল ক্লাব ও ঘানা জাতীয় ফুটবল দল এর সাবেক প্রশিক্ষক পোল্যান্ডের নাগরিক Mr. Abraham Grant মতিঝিলস্থ বাফুফে ভবনে ২১ অক্টোবর ২০২১ তারিখে বাংলাদেশে ফুটবলের উন্নয়নে বাফুফের কার্য্যনির্বাহী কমিটির সঙ্গে এক সভায় অংশগ্রহণ করেন। এছাড়া কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে 'বাফুফে এলিট একাডেমী' পরিদর্শন করেন। Mr. Grant ফুটবলের উন্নয়নে বাফুফের চলমান কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং বাংলাদেশের ফুটবলের উন্নয়নে সহযোগিতার হাত প্রসারিত করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

ফিফা কর্মশালাঃ



অক্টোবর ২০২১ মাসে ফিফা কর্তৃক আয়োজিত সকল সদস্য দেশের অংশগ্রহণে পরামর্শ বিষয়ক কর্মশালা আয়োজিত হয়েছে। অনলাইনে এই সভার পরিচালনা করেছেন ফিফা প্রেসিডেন্ট Mr. Gianni Infantino এবং ফিফার চীফ অব গ্লোবাল ফুটবল ডেভেলপমেন্ট Mr. Arsene Wenger। উক্ত কর্মশালায় আগামী বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা এবং আন্তর্জাতিক গেম সাইকেলের সম্ভাব্য পরিবর্তন,ক্যালেন্ডার ও অন্যান্য সামগ্রিক বিষয়েও আলোচনা হয়। বাফুফে'র সিনিয়র সহ-সভাপতি, সাধারণ সম্পাদক এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের অধিনায়ক জামাল ভূঁইয়া অনলাইনে উক্ত কমশালায় অংশগ্রহণ করেছে। এছাড়া এই কর্মশালায় অংশগ্রহণ করেছে ছিল ব্রাজিলের Thiago Silva, যুক্তরাষ্ট্রের Christian Pulisic-সহ অন্যান্য দেশের খেলোয়াড়গণ।

বাফুফে এএফসি গোলকিপিং কোচিংঃ



বাফুফে ফুটবলের উন্নয়নের লক্ষ্যে দেশে প্রথমবারের মতো ৫ (পাঁচ) দিন ব্যাপী 'বাফুফে এএফসি গোলকিপিং কোচিং লেভেল ওয়ান' সার্টিফিকেট কোর্স চালু করেছে। উক্ত কোর্সটি বাফুফের ফুটবল উন্নয়ন পরিকল্পনায় একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এএফসি প্রদত্ত গাইডলাইন অনুসরণ করে উক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ গোলকিপিং প্রশিক্ষক তৈরির উপর গুরুত্বারোপ করা হবে। থিওরি, টেকনিক্যাল দিক পর্যালোচনার পাশাপাশি এই প্রোগ্রামে একজন দক্ষ গোলকিপিং প্রশিক্ষক হতে হলে যা যা জানা দরকার তা নিয়ে হাতেকলমে শিক্ষা দেওয়া হবে। দেশে ভাল মানের গোলকিপার তৈরি এবং ক্লাবগুলোর চাহিদা মেটানোর জন্য উক্ত কোর্সটি কার্যকর ভূমিকা রাখবে।

****